

## দীর্ঘদিন পর স্বস্তিতে ঢাকার বাতাস

- A Monitor Desk Report

Date: 14 March, 2026



**ঢাকা:** নানা কারণে বিশ্বের বিভিন্ন শহরে দিন দিন বাড়ছে বায়ুদূষণ। দীর্ঘদিন ধরে মেগাসিটি ঢাকাও বায়ুদূষণের কবলে। বেশ কিছু দিন ধরে বিশ্বের দূষিত শহরের তালিকায় প্রথমদিকেই রয়েছে রাজধানী ঢাকা। ছুটির দিন শুক্ৰবার (১৩ মার্চ) ঢাকার বাতাস ছিলো ‘অস্বাস্থ্যকর’। তবে শুক্ৰবার রাতের বৃষ্টির কারণে আজ শনিবার অনেকটা পরিষ্কার ঢাকার বাতাস।

শনিবার (১৪ মার্চ) সকাল সাড়ে ৯টার দিকে আন্তর্জাতিক বায়ুমান প্রযুক্তি প্রতিষ্ঠান আইকিউএয়ারের তথ্যানুযায়ী, বিশ্বে দূষিত শহরের তালিকায় বাংলাদেশের ঢাকার অবস্থান ২০তম। এই শহরের বায়ুমানের স্কোর ১০০। এই স্কোর মোটামুটি ভালো হিসেবে বিবেচিত করা হয়।

শুক্ৰবার তালিকার ষষ্ঠ অবস্থানে থাকা পাকিস্তানের লাহোরের অবস্থান আজ দ্বিতীয়। শহরটির বায়ুমানের স্কোর ২২৮, যা খুব অস্বাস্থ্যকর। আর গতদিন তালিকার শীর্ষে থাকা দেশটির আরেকটি শহর করাচির অবস্থান আজ পঞ্চম। শহরটির বায়ুমানের স্কোর ১৬১। দূষণের মাত্রা কমলেও করাচির বাতাস অস্বাস্থ্যকর।

অন্যদিকে, ১৯২ স্কোর নিয়ে তালিকার তৃতীয় অবস্থানে রয়েছে ভারতের দিল্লি। শহরটির বায়ুমানের স্কোর অস্বাস্থ্যকর। দেশটির আরেকটি শহর কলকাতার অবস্থান সপ্তম। এই শহরের স্কোর ১৫৮।

একিউআই স্কোর শূন্য থেকে ৫০ ভালো হিসেবে বিবেচিত হয়। ৫১ থেকে ১০০ মাঝারি হিসেবে গণ্য করা হয়, আর সংবেদনশীল গোষ্ঠীর জন্য অস্বাস্থ্যকর বিবেচিত হয় ১০১ থেকে ১৫০ স্কোর। স্কোর ১৫১ থেকে ২০০ হলে তাকে ‘অস্বাস্থ্যকর’ বায়ু বলে মনে করা হয়।

২০১ থেকে ৩০০-এর মধ্যে থাকা একিউআই স্কোরকে ‘খুব অস্বাস্থ্যকর’ বলা হয়। এ অবস্থায় শিশু, প্রবীণ এবং অসুস্থ রোগীদের বাড়ির ভেতরে এবং অন্যদের বাড়ির বাইরের কার্যক্রম সীমাবদ্ধ রাখার পরামর্শ দেয়া হয়ে থাকে। এ ছাড়া ৩০১ থেকে ৪০০-এর মধ্যে থাকা একিউআই ‘ঝুঁকিপূর্ণ’ বলে বিবেচিত হয়, যা নগরের বাসিন্দাদের জন্য গুরুতর স্বাস্থ্যঝুঁকি তৈরি করে।

